গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০০.০০০.২৪- ৭২

তারিখঃ ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

**নাটোর জেলাধীন বাগাতিপাড়া উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল/খাস পুকুর সমূহের ইজারা বিজ্ঞপ্তিঃ**

এতদ্বারা মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলার ইজারা যোগ্য ২০(বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্ন বর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের ১৪ নভেম্বর, ২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৫৯.০০২.২১.১২১ নং পরিপত্র ও ০১ নভেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩(তিন) বছর অর্থাৎ ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ১৬ (ষোলো) টি জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্ত সাপেক্ষে অনলাইনে http://jm.lams.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানত বাবদ পে-অর্ডার / বিডি মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালায়, বাগাতিপাড়া, নাটোরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতিত সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবে না। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি -২০০৯ (সংশোধনী ২০১২) এবং ভূমি মন্ত্রনালয় হতে জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

| ক্র: নং | তারিখ ও সময় | গৃহিত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ ১৪৩০ হতে ০৫ মাঘ ১৪৩০ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে জলমহাল ইজারার আবেদন আহবান |
| ০২ | ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর এর কার্যালয় হতে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) দরপত্র আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল।দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রযোজ্য হবে। |
| ০৩ | ০৩ ফাল্গুনের পরবর্তী ০৩ (তিন) কার্যাদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ১৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৬ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ১৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারা আদেশ প্রদান ও ইজারা গ্রহিতাকে অবহিত করণ। |
| ০৭ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহিতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারা মূল্য জমা প্রদান ও ইজারা গ্রহিতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ বৈশাখ ১৪৩১ | ইজারা গ্রহিতাকে জলমহাল দখল বুঝিয়ে দেয়া। |

উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি, শর্তাবলী ও জলমহালের তালিকা সংশ্লিষ্ট ওয়েব সাইটে (http://acl.bagatipara.natore.gov.bd) পাওয়া যাবে। বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলি সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮/০১/২৪

(মোহাইমেনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগাতিপাড়া, নাটোর।

CamScanner

**বাগাতিপাড়া উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল/খাস পুকুর সমূহের ইজারার শর্তাবলীঃ**

০১। যে সকল সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত তাঁরা নির্দিষ্ট বা নিকটবর্তী/তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য অনলাইনে http://jm.lams.gov.bd আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নন এমন কোন সদস্য থাকেন বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি আবেদন করার যোগ্য হবেন না।

০২। প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহনের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

০৩। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

০৪। অনলাইনে http://jm.lams.gov.bd মাধ্যমে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সহিত আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোন তফসিল ব্যাংক হতে) করতে হবে। উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর-এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। আবেদনকারী সংগঠন/সমিতি অনলাইনের মাধ্যমে দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মুলকপি গালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এ দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৬। বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ০৩(তিন) বছরের ইজারা মূল্যের উপর ২০% টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর-এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

০৭। লীজগ্রহীতার কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল করা হবে, জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ১২(বারো) বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

০৮। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না ।

০৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না। পূর্বের বকেয়া থাকলে আবেদন বিবেচনা যোগ্য হবে না। কোন জলমহালের বিষয়ে বিজ্ঞ আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সেক্ষেত্রে কার্যক্রম স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে। পূর্বের লীজ গ্রহণ করা থাকলে জরুরী ভিত্তিতে আপত্তি দিতে হবে।

১০। (ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩(তিন) বছরের সমুদয় রাজস্ব অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতার লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারন ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ থেকে শুরু হবে ৩০ চৈত্র, ১৪৩৩ বঙ্গাব্দ তারিখে তা শেষ হবে।

১২। আবেদন গৃহিত হলে দরদাতাকে ইজারা মূল্য নগদ (১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে) এবংইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট (কোড নং- ১-১১৩৩-০০২০-০৩১১) ও ১০% আয়কর (কোড নং ১-১১৪১-০০৬০-০১১১) এ চালানের মাধ্যমে জমা দিয়ে কপি দাখিল করতে হবে।

১৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলি এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ অফিস হতে জানা যাবে। পূর্বের লীজ গ্রহণ করা থাকলে জরুরী ভিত্তিতে উপযুক্ত প্রমানসহ আপত্তি দিতে হবে বিজ্ঞপ্তি প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে।

১৫। কোন ভুয়া/মিথ্যা তথ্য দাখিল করলে আবেদন বাতিল হবে।

১৬। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে কোন আবেদনপত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/০৩/২৪

(মোহাইমেনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগাতিপাড়া, নাটোর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০০.০০০.২৪- ৭২

তারিখঃ ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর- ০১ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগাতিপাড়া, নাটোর।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, নাটোর।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),নাটোর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
৭। মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর।

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরিত হলোঃ**

৮। সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর।
৯। উপজেলা ..................................................................অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
১০। চেয়ারম্যান, পাঁকা, জামনগর, বাগাতিপাড়া, ফাগুয়ারদিয়াড় ও দয়ারামপুর ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পাঁকা, জামনগর, বাগাতিপাড়া পৌর ও ফাগুয়ারদিয়াড় ইউনিয়ন/পৌর ভূমি অফিস, বাগাতিপাড়া, নাটোর।
১২। সভাপতি/সম্পাদক ................................................................... মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, বাগাতিপাড়া, নাটোর।
১৩। জনাব ................................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগাতিপাড়া, নাটোর।
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি।

১৮/০১/২৪

(মোছাঃ ইমেনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগাতিপাড়া, নাটোর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০০.০০০.২৪- ৭৬

তারিখঃ ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

**বাগাতিপাড়া উপজেলার ১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ২০ (বিশ) একর পর্যন্ত জলমহাল ইজারা বন্দোবস্তযোগ্য খাস পুকুরের তালিকা ঃ**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | মৌজার নাম | দাগ নং | পরিমাণ (একরে) | মোট মূল্য | ৫% বৃদ্ধিতে সম্ভাব্য মূল্য (তিন বছরের জন্য) | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | জামনগর | ডাকরমাড়িয়া পুকুর | ডাকরমাড়িয়া | ৩১৫ | ০.৮২ | ৩৭৭১/- | ৩,৯৬০/- | ১৪৩১-১৪৩৩ |
| ২ | জামনগর | ডাকরমাড়িয়া পুকুর | ডাকরমাড়িয়া | ৪৬৬ | ০.৫০ | ৭৮৭৫/- | ৮,২৬৯/- | ঐ |
| ৩ | জামনগর | ডাকরমাড়িয়া পুকুর | ডাকরমাড়িয়া | ৪০১ | ২.৪৬ | ৩৮৭৪৫/- | ৪০,৬৮৩/- | ঐ |
| ৪ | জামনগর | বাজিতপুর পুকুর | বাজিতপুর | ৫৯৩ | ০.৮২ | ১২৯১৫/- | ১৩,৫৬১/- | ঐ |
| ৫ | জামনগর | বজরাপুর পুকুর | বজরাপুর | ১৪৯ | ০.৫০ | ৮৬৬৪/- | ৯,০৯৮/- | ঐ |
| ৬ | বাগাতিপাড়া | নূরপুর পুকুর | নূরপুর | ১৫৩৪ | ০.৩৮ | ৫৯৮৫/- | ৬,২৮৫/- | ঐ |
| ৭ | বাগাতিপাড়া | মুরাদপুর পুকুর | মুরাদপুর | ৪৩৫ | ২.৬৩ | ১৩২৮১/- | ১৩,৯৪৫/- | ঐ |
| ৮ | বাগাতিপাড়া | মাধববাড়ীয়া পুকুর | মাধববাড়ীয়া | ৩৯৩ | ১.২০ | ১৮৯০০/- | ১৯,৮৪৫/- | ঐ |
| ৯ | পাঁকা | সালাইনগর পুকুর | সালাইনগর | ৬৩৫ | ১.৯১ | ৭৭৮৬২/- | ৮১,৭৫৬/- | ঐ |
| ১০ | পাঁকা | চিথোলিয়া পুকুর | চিথোলিয়া | ৩০৬৯ | ২.০১ | ৩১৬৬০/- | ৩৩,২৪৩/- | ঐ |
| ১১ | পাঁকা | খাটখৈর পুকুর | খাটখৈর | ৭৫৯ | ০.৭১ | ১১১৮৪/- | ১১,৭৪৪/- | ঐ |
| ১২ | পাঁকা | সালাইনগর পুকুর | সালাইনগর | ১১৮১ | ০.৯৭ | ৬৪৬৮০/- | ৬৭,৯১৪/- | ঐ |
| ১৩ | পাঁকা | গাওপাড়া পুকুর | গাওপাড়া | ৭২৬ | ০.২৪ | ৩৭৮০/- | ৩,৯৬৯/- | ঐ |
| ১৪ | দয়ারামপুর | সেখপাড়া পুকুর | সেখপাড়া | ৭৬৩ | ০.৫২ | ৮১৯০/- | ৮,৬০০/- | ঐ |
| ১৫ | ফাগুয়ারদিয়াড় | সাতশৈল পুকুর | সাতশৈল | ৭১৬ | ৩.৬৫ | ৭৬৪৪৩/- | ৮০,২৬৬/- | ঐ |
| ১৬ | দয়ারামপুর | ডাকরমাড়িয়া পুকুর | দয়ারামপুর | ৮৭৫,৬০৯ | ০.৩৪+০.১১ =০.৪৫ | ৭০৮৯/- | ৭,৪৪৪/- | ঐ |

১৮/০১/২৪

(মোহাইমেনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগাতিপাড়া, নাটোর।

CamScanner

পরিশিষ্ট-ক

## বদ্ধ সরকারি জলমহাল বন্দোবস্ত/ ইজারার আবেদন

১। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি-এর নাম ও ঠিকানাঃ

২। যে সরকারি জলমহালের জন্য বন্দোবস্ত/ইজারার আবেদন করা হয়েছে সে জলমহালের নামঃ

৩। জলমহালের বিবরণঃ তফসিল

মৌজার নাম ঃ খঃ নং দাগ নং পরিমান

উপজেলাঃ

জেলাঃ

৪। সংগঠন/সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখঃ

(রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে)

৫। সংগঠন/সমিতির গঠনতন্ত্র ঃ সংযুক্ত হ্যাঁ না

৬। নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং সভার কার্যবিবরণীঃ

সংযুক্তঃ হ্যাঁ না

৭। সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ)

সংযুক্ত ঃ হ্যাঁ না

৮। জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা

সংযুক্ত ঃ হ্যাঁ না

৯। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ঃ

১০। অডিট রিপোর্ট ( প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

১১। টি/আই, এন নম্বর (যদি থাকে)

১২। ইতোপূর্বে জলমহাল বন্দোবস্ত নিয়েছে কিনা, নিয়ে থাকলে কোন রাজস্ব বকেয়া আছে কিনা ঃ

১৩। আবেদনকারী সংগঠন/সমিতির নামে সার্টিফিকেট মামলা/অন্য কোন আদালতে মামলা আছে কিনা, মামলা থাকলে বর্তমান অবস্থা কিঃ

১৪। আবেদন ফি (অফেৎযোগ্য)ঃ ৫০০/- টাকা

১৫। জামানত (সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী) ঃ

পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নং- ................................................তারিখ ঃ.......................................................

উপরোক্ত বর্ণনা সঠিক ও সত্য। কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। জলমহালটি আমাদের অনুকূলে ............................ থেকে ............................বাংলা সনের জন্য বন্দোবস্ত প্রদানের অনুরোধ করছি।

সংযুক্ত ঃ ...........................ফর্দ তারিখঃ

জেলা/উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির
সদস্য-সচিবের স্বাক্ষর নামসহ তারিখ ও সীল

আবেদনকারীর স্বাক্ষর,নাম ও সীল

CamScanner